

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,  
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়,  
শ্রীবরদী, শেরপুর।

স্মারক নং : ৪৪.০৩.৮৯৯০.০০৭.০০.০০০.২২/ ২০৬

তারিখ : ২৮-১১-২০২২ খ্রিঃ

“মাসিক সভার কার্যবিবরণী”

উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, শ্রীবরদী, শেরপুর ২৪/১১/২০২২ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শ্রীবরদী, শেরপুর এর সভাপতিত্বে নভেম্বর মাসের মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে, উপজেলা প্রশিক্ষক, শ্রীবরদী, শেরপুরকে সভার কার্যক্রম শুরু করার অনুমতি প্রদান করেন।

উপজেলা প্রশিক্ষক, শ্রীবরদী, শেরপুরকে সভা পরিচালনা করেন এবং আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	মন্তব্য
০১।	উপজেলা প্রশিক্ষক, শ্রীবরদী, শেরপুর বিভিন্ন ইউনিয়ন থেকে আগত ইউনিয়ন/ওয়ার্ড ভিডিপি দলনেতা/দলনেত্রী ও আনসার কমান্ডারকে তাদের প্লাটুন পরিদর্শন করতে বলেন এবং চলতি অর্থবছরে চলমান বিভিন্ন কারিগরী ও পেশাভিত্তিক প্রশিক্ষণে অগ্রহী প্রশিক্ষণার্থীদের সাথে যোগাযোগ করে প্রশিক্ষণার্থীদের হালনাগাদ তালিকা প্রস্তুত করতে বলেন যাতে সময়মত প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে প্রেরণ করা সম্ভব হয়।	প্লাটুন পরিদর্শন বিভিন্ন কারিগরী ও পেশাভিত্তিক প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী প্রস্তুতকরণ।	ইউনিয়ন/ওয়ার্ড ভিডিপি দলনেতা/দলনেত্রী ও আনসার কমান্ডার (সকল)	
০২।	উপজেলা প্রশিক্ষক, শ্রীবরদী, শেরপুর ইউনিয়ন/ওয়ার্ড ভিডিপি দলনেতা/দলনেত্রী ও আনসার কমান্ডারদের এলাকায় বাল্যবিবাহ, মাদক, জঙ্গিবাদ, জুয়া বন্ধ করতে প্রশাসনকে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।	বাল্যবিবাহ, মাদক, জঙ্গিবাদ, জুয়া বন্ধ করতে প্রশাসনকে তথ্য দেওয়া।	ইউনিয়ন/ওয়ার্ড ভিডিপি দলনেতা/দলনেত্রী ও আনসার কমান্ডার (সকল)	
০৩।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শ্রীবরদী, শেরপুর ইউনিয়ন/ওয়ার্ড ভিডিপি দলনেতা/দলনেত্রী ও আনসার কমান্ডারদের কে তাদের প্লাটুনসমূহ নিয়মিত পরিদর্শন করতে বলেন এবং তাদের জন্য নির্ধারিত ইউনিয়ন পরিষদে কক্ষে সপ্তাহে অন্তত ০১ দিন উপস্থিত হয়ে ভিডিপি সদস্য/সদস্যদেরকে তথ্যসেবা দেওয়ার জন্য আহ্বান করেন।	প্লাটুনসমূহ নিয়মিত পরিদর্শন ও নির্ধারিত ইউনিয়ন পরিষদে কক্ষে সপ্তাহে অন্তত ০১ দিন উপস্থিত হয়ে ভিডিপি সদস্য/সদস্যদেরকে তথ্য সেবা দেওয়া।	ইউনিয়ন/ওয়ার্ড ভিডিপি দলনেতা/দলনেত্রী ও আনসার কমান্ডার (সকল)	

পরিশেষে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শ্রীবরদী, শেরপুর উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে মাসিক সভার সমাপ্তি ঘোষণা করেন।



সায়লা পারভীন

বিএভি-২১০০০১০৯৯

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা


শ্রীবরদী, শেরপুর।

তারিখ : ২৮-১১-২০২২ খ্রিঃ

স্মারক নং : ৪৪.০৩.৮৯৯০.০০৭.০০.০০০.২২/ ২০৬

অনুলিপিঃ

- ১। প্রশাসন/প্রশিক্ষণ/বাজেট শাখা - সদয় অবগতির জন্য।  
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী  
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।  
জেলা কমান্ড্যান্ট - ঐ  
আনসার ও ভিডিপি, শেরপুর।  
৩। অফিস কপি। - সংরক্ষণের জন্য।



উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা  
শ্রীবরদী, শেরপুর।